



# বাংলাদেশ কৃষি ব্যাংক

স্থানীয় মুখ্য কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন : ০২-৯৫৮৮৫৩৯

৯৫৬০০০২১-২৫/৫৩২,৫১২

e-mail:dgmlpo@krishibank.org.bd

সূত্র নং- বিকেবি/এলপিও/হিঃ-৩৯/২০১৯-২০২০/ ৫৬১৩(৯২৮)

তারিখ : ৩০.১০.২০১৯ ইং

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়  
বাংলাদেশ কৃষি ব্যাংক

**অতীব জরুরী**

**বিষয় : সামরিক অর্থ নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের আপত্তিকৃত অবসরভাতা পুনঃভরণ বিল সংক্রান্ত ডেবিট এ্যাডভাইস সাড়া প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

- আপনাদের অঞ্চলাধীন শাখাসমূহ হতে সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের পুনঃভরণ বিল যাচাই বাছাই ছাড়াই অত্র কার্যালয়ে প্রেরণের ফলে সামরিক অর্থ নিয়ন্ত্রক কার্যালয় কর্তৃক ত্রুটিপূর্ণ বিল সমূহ ফেরৎ পাঠানো হয়। উক্ত ফেরৎকৃত বিল সংশোধনের নিমিত্তে সংশ্লিষ্ট শাখাসমূহে প্রেরণ করা হলেও আপনাদের অঞ্চলাধীন শাখা সমূহ কর্তৃক সংযুক্ত তালিকার এ্যাডভাইসগুলি অদ্যাবধি সাড়া প্রদান করা হয়নি।
- মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপরোক্ত বিষয়টি সামরিক অবসরভাতা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের গাফিলতির কারণবলে গভীর অসন্তোষ প্রকাশ করে আগামী ১৫.১১.২০১৯ তারিখের মধ্যে সকল অনিষ্পন্ন ডেবিট এ্যাডভাইসসমূহ নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। ভবিষ্যতে এরূপ গাফিলতির জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও উল্লেখ করেছেন।
- এমতাবস্থায়, উপরোল্লিখিত বিষয়ের আওতাধীন সকল শাখাকে অবহিত করে যাচাই বাছাইসহ এ্যাডভাইসসমূহ রেসপন্ড করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। এ্যাডভাইস সমূহ রেসপন্ড অর্থাৎ হিসাবভুক্তি করার পর পুনরায় ডেবিট এ্যাডভাইসের মাধ্যমে চাহিত সকল কাগজপত্রাদিসহ সঠিক পুনঃভরণ বিল/বিবরণী ০২(দুই) প্রস্তুত অত্র কার্যালয়ে প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো। এতদসংশ্লিষ্ট যে কোন সমস্যা/তথ্য জানার জন্য বিভাগ ভিত্তিক নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্যও পরামর্শ দেয়া হলো :

ক্রমং	কর্মকর্তার নাম	পদবী	বিভাগ	মোবাইল নং
০১	জনাব ফরিদা ইয়াসমিন	উর্ধতন মুখ্য কর্মকর্তা	ঢাকা ও খুলনা বিভাগ	০১৭১৪২২৫৭৮২
০২	জনাব মার্জিয়া বেগম	উর্ধতন মুখ্য কর্মকর্তা	বরিশাল বিভাগ	০১৯১৩৯৫৬১১০
০৩	জনাব জুলেখা ইসলাম	মুখ্য কর্মকর্তা	ফরিদপুর বিভাগ	০১৬৭৩০৬৫১২০
০৪	জনাব মোহাম্মদ আব্দুল মালেক	কর্মকর্তা	কুষ্টিয়া ও সিলেট বিভাগ	০১৭২৭২৮৬৫৫১
০৫	জনাব আজ্জমান আরা বেগম	কর্মকর্তা	ময়মনসিংহ ও কুমিল্লা বিভাগ	০১৭১৫৯৩৪৭৩৯
০৬	জনাব মাহফুজা ইয়াসমিন	কর্মকর্তা	চট্টগ্রাম বিভাগ	০১৭২৮৩৪৮২৩৩

সংযুক্তি : ৮৫(পঁচাশি) পাতা।

আপনার বিশ্বস্ত,

  
(জাহিরুল ইসলাম ভূঞা)  
মহাব্যবস্থাপক (দায়িত্বে)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-মহাব্যবস্থাপক, হিসাব সমন্বয় বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা - উপরোক্ত পত্রটি সংযুক্তিসহ ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক।
- নথি।

(মোহাম্মদ সরকার ফারুক ফয়সাল)

সহকারী মহাব্যবস্থাপক

ফোন : ০২৯৫৫০৩২৫

মোবাইল : ০১৯১৪৩১৪৯৮০